
পাঠ ২৬

# মুক্তিযুদ্ধে রাজারবাগ



## পাঠের মূলকথা

বাংলাদেশের মুক্তিযুদ্ধে রাজারবাগের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তান মিলিটারি রাজারবাগে আক্রমণ চালিয়েছিল। এই সময় রাজারবাগে এ দেশের পুলিশেরা বীরত্বের পরিচয় দিয়েছিলেন। সেই স্মৃতিকে স্মরণ করে এখানে পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর তৈরি হয়েছে। এই জাদুঘরটি খুব পরিপাটি করে সাজানো। এই জাদুঘরে ঢুকতেই বাম পাশে বঙ্গবন্ধু গ্যালারি। গ্যালারির পাশে একটি বই বিক্রয়কেন্দ্র ও পাঠাগার রয়েছে। সিঁড়ি দিয়ে নিচে নামলেই মূল জাদুঘর। এই জাদুঘরে পুলিশের বিভিন্ন সময়ের হাতিয়ার, পোশাক ও বিভিন্ন জিনিসপত্র রাখা আছে। পাকিস্তানিদের আক্রমণের সময় পুলিশরা যে বেতার যন্ত্রের মাধ্যমে সারা দেশের পুলিশকে বার্তা পাঠিয়েছিলেন তা এই জাদুঘরে রাখা হয়েছে। রাজারবাগের সব পুলিশকে সতর্ক করা হয়েছিল যে পাগলা ঘন্টা বাজিয়ে, সেই ঘন্টাও রয়েছে এখানে। রিতা ও রবিন ছুটির দিনে মামার সঙ্গে ঢাকার রাজারবাগ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর বেড়াতে গিয়ে মুক্তিযুদ্ধে রাজারবাগের অবদান সম্পর্কে জানতে পারে। স্বাধীনতার জন্য আত্মদানকারী বীর যোদ্ধাদের কথা ভেবে রিতা ও রবিন গর্ববোধ করে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, অনুজ্ঞা, বিভিন্ন প্রেক্ষাপট নির্ভর ঘোষণা ও সংকেত শুনে বুঝতে পারা।
৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার পাঠ শুনে তথ্য, বিষয়বস্তু বুঝতে পারা।
৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।
৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।
৬.১ পরিচিত প্রেক্ষাপটে প্রশ্ন-উত্তর, অনুজ্ঞা, সম্বোধন করতে পারা এবং সংকেত, বিজ্ঞপ্তি বুঝে প্রমিত উচ্চারণে বলতে পারা।
৭.১ বাংলা ভাষায় রচিত বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার বিষয়বস্তু বলতে পারা।
৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।
১৪.১ পরিচিত প্রেক্ষাপটে সাধারণ নির্দেশনা, প্রশ্ন, অনুজ্ঞাসূচক বাক্য, সংকেত, ঘোষণা, বিজ্ঞপ্তির বিষয় ও কথোপকথন বুঝে প্রমিত বাংলায় লিখতে পারা।
১৬.১ পাঠের অন্তর্ভুক্ত, ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।
১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৬

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১২৭ | ঢাকার............ করা হয়েছে। |
| পিরিয়ড-১২৮ | এক ছুটির দিনে........ বই পড়া যায়। |
| পিরিয়ড-১২৯ | সিঁড়ি দিয়ে............. দেখল। |
| পিরিয়ড-১৩০ | মামা ওদের........... সতর্ক করেছিল। |
| পিরিয়ড-১৩১ | মামা বললেন............ শহিদ হন। |
| পিরিয়ড-১৩২ | মুক্তিযুদ্ধে পুলিশের............ স্বাধীন বাংলাদেশ। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

বানান সতর্কতা | নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| রাজারবাগ | পুলিশ | মুক্তিযুদ্ধ | জাদুঘর | বীরত্ব | স্মৃতি | স্মরণ | অনেকক্ষণ | বন্দুক | যন্ত্র |
| ঘণ্টা | বার্তা | সতর্ক | সাধারণ | অস্ত্র | প্রতিরোধ | শহিদ | প্রাণ | গর্ব | যোদ্ধা |
| আত্মত্যাগ | স্বাধীন | | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ২ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮১

বীরত্ব, পরিপাটি, গ্যালারি, বেতারযন্ত্র, পাগলা ঘণ্টা, কামান, প্রতিরোধ, অসীম; গর্ব।

উত্তর :

বীরত্ব — সাহসিকতা।
পরিপাটি — সুন্দর করে সাজানো।
গ্যালারি — প্রদর্শন স্থান।
বেতারযন্ত্র — বিনা তারে খবর পাঠানোর যন্ত্র।
পাগলা ঘণ্টা — সতর্ক করার ঘণ্টা।
কামান — গোলা নিক্ষেপ করার অস্ত্র।
প্রতিরোধ — বাধা।
অসীম — সীমাহীন।
গর্ব — গৌরব।

### ২ বাক্য লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮১

মুক্তিযুদ্ধ ..........
জাদুঘর ..........
অবদান ..........
অস্ত্র ..........
লড়াই ..........

উত্তর :

মুক্তিযুদ্ধ — ১৯৭১ সালে এ দেশে মুক্তিযুদ্ধ হয়।
জাদুঘর — মুক্তিযুদ্ধ জাদুঘর ঢাকায় অবস্থিত।
অবদান — স্বাধীনতায় মুক্তিযোদ্ধাদের অবদান সর্বোচ্চ।
অস্ত্র — শত্রু এলে বাঙালিরা অস্ত্র হাতে লড়তে জানে।
লড়াই — বাঙালিরা নয় মাস লড়াই করে বিজয়ী হয়।

### ৩ নিচের শব্দ দিয়ে খালি জায়গা পূরণ করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮২

ক. ঢাকার রাজারবাগে আছে পুলিশ ——— জাদুঘর।
খ. পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘরটি খুব ——— করে সাজানো।
গ. জাদুঘরে আছে পুলিশের ব্যবহৃত ——— ও বিভিন্ন জিনিসপত্র।
ঘ. পুলিশ সদস্যদের কাছে ছিল ——— অস্ত্র।

উত্তর :

ক. ঢাকার রাজারবাগে আছে পুলিশ **মুক্তিযুদ্ধ** জাদুঘর।
খ. পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘরটি খুব **পরিপাটি** করে সাজানো।
গ. জাদুঘরে আছে পুলিশের ব্যবহৃত **পোশাক** ও বিভিন্ন জিনিসপত্র।
ঘ. পুলিশ সদস্যদের কাছে ছিল **সাধারণ** অস্ত্র।

### ৪ বুঝে নেই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮২

স্মৃতিময় — মনে রাখার মতো বিষয়।
পাঠাগার — যেখানে পড়ার জন্য বই রাখা হয়।
গ্যালারি — শিল্পকর্ম প্রদর্শনের ভবন বা কক্ষ।
আত্মত্যাগ — নিজের সবকিছু ত্যাগ।

**৫ উত্তর বলি ও লিখি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮২

**প্রশ্ন ক. রাজারবাগ পুলিশ লাইন কীসের স্মৃতি বহন করে?**

**উত্তর :** ১৯৭১ সালে রাজারবাগে বাংলাদেশের পুলিশেরা বীরত্বের পরিচয় দিয়েছিল। রাজারবাগ পুলিশ লাইন সেই স্মৃতি বহন করে।

**প্রশ্ন খ. জাদুঘরে ঢুকতেই প্রথমে কী চোখে পড়ে?**

**উত্তর :** জাদুঘরে ঢুকতেই প্রথমে বাম পাশে চোখে পড়ে বঙ্গবন্ধু গ্যালারি। এখানে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি।

**প্রশ্ন গ. কবে কখন পাকিস্তানি সেনারা রাজারবাগে আক্রমণ করে?**

**উত্তর :** ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তানি সেনারা রাজারবাগে আক্রমণ করে।

**৬ বাম পাশের শব্দের সাথে ডান পাশের শব্দ জোড়া দিয়ে নতুন শব্দ বানাই।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮২

| বাম পাশ | ডান পাশ | নতুন শব্দ |
|---|---|---|
| মুক্তি | আগার | |
| রাজার | যুদ্ধ | |
| পাঠ | বাগ | |
| সেনা | ত্যাগ | |
| আত্ম | বাহিনী | |

**উত্তর :**

| বাম পাশ | ডান পাশ | নতুন শব্দ |
|---|---|---|
| মুক্তি | যুদ্ধ | মুক্তিযুদ্ধ |
| রাজার | বাগ | রাজারবাগ |
| পাঠ | আগার | পাঠাগার |
| সেনা | বাহিনী | সেনাবাহিনী |
| আত্ম | ত্যাগ | আত্মত্যাগ |

**৭ রবিন বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘরে কী কী দেখল তা বলি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮২



**উত্তর :**

- রবিন ভেতরে ঢুকতেই বঙ্গবন্ধু গ্যালারি এবং গ্যালারির মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি দেখতে পেল।
- গ্যালারির পাশে দেখল বই বিক্রয়কেন্দ্র ও পাঠাগার।
- সে সিঁড়ি দিয়ে নিচে মূল জাদুঘরে পুলিশের বিভিন্ন সময়ের হাতিয়ার, ব্যবহৃত পোশাক ও জিনিসপত্র দেখতে পেল।
- এছাড়া বেতার যন্ত্র ও পাগলা ঘণ্টাও (পাগলা ঘণ্টা বাজিয়ে রাজারবাগের সব পুলিশকে সতর্ক করা হয়েছিল) দেখতে পেল।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ১২৭** ঢাকার............. করা হয়েছে।

**প্রশ্ন ১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. আমাদের কোনো সমস্যা হলে আইনের সহায়তা দিতে কে আসে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমাদের কোনো সমস্যা হলে আইনের সহায়তা দিতে আসে পুলিশ।

**প্রশ্ন খ. পাকিস্তানিরা কোন ভাষাকে রাষ্ট্রভাষা করতে চেয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাকিস্তানিরা উর্দু ভাষাকে রাষ্ট্রভাষা করতে চেয়েছিল?

**প্রশ্ন গ. র-ফলা ও স্ম যুক্তবর্ণ ব্যবহার করে নতুন শব্দ লেখ।**

**উত্তর :** র-ফলা দিয়ে গঠিত নতুন শব্দ : প্রয়োজন, গ্রহণ।
স্ম যুক্তবর্ণ দিয়ে গঠিত নতুন শব্দ : বিস্ময়, স্মরণ।

**প্রশ্ন ঘ. রাজারবাগ নিয়ে দুটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রাজারবাগ নিয়ে দুটি বাক্য হলো—

ক. পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর ঢাকার রাজারবাগে অবস্থিত।
খ. পাগলা ঘণ্টা বাজিয়ে রাজারবাগের সব পুলিশকে সতর্ক করা হয়েছিল।

**প্রশ্ন ঙ. মুক্তিযুদ্ধ কখন সংঘটিত হয়েছিল?**

**উত্তর :** মুক্তিযুদ্ধ ১৯৭১ সালে সংঘটিত হয়েছিল।

**প্রশ্ন ২. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**



**প্রশ্ন ক. ছবিতে কী কী দেখতে পাচ্ছ?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ছবিতে দেখতে পাচ্ছি, চারজন পুলিশ হাতে অস্ত্র নিয়ে দেশের জন্য যুদ্ধ করছে। একজনের হাতে আছে বিজয়ের পতাকা।

**প্রশ্ন খ. ছবির মানুষগুলোর পেশা কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ছবির মানুষগুলোর পেশা আইন-শৃঙ্খলা রক্ষা।

**প্রশ্ন ৩. 'বীরত্ব, স্মৃতি, স্মরণ' শব্দগুলোতে যে বর্ণের সাথে যুক্তব্যঞ্জন ও ফলাচিহ্ন আছে তা খুঁজে বের কর।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'বীরত্ব' শব্দে ত বর্ণের সাথে ফলাচিহ্ন আছে।
'স্মৃতি' শব্দে স বর্ণের সাথে যুক্তব্যঞ্জন আছে।
'স্মরণ' শব্দের স বর্ণের সাথে যুক্তব্যঞ্জন আছে।

**প্রশ্ন ৪. নিচের শব্দগুলোর যুক্তবর্ণ ও ফলাচিহ্ন ভেঙে লেখ ও নতুন শব্দ তৈরি কর।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| বীরত্ব | ত্ব | ত + ব ফলা | চত্বর, স্বত্ব |
| স্মৃতি | স্মৃ | স + ম + ৃ -কার | বিস্মৃত |
| স্মরণ | স্ম | স + ম | স্মারক |

**পিরিয়ড ১২৮ | এক ছুটির দিনে........ বই পড়া যায়।**

**প্রশ্ন ৫. রিতা কার কাছে মুক্তিযুদ্ধ জাদুঘরের গল্প শুনেছিল?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রিতা ছোটো মামার কাছে মুক্তিযুদ্ধ জাদুঘরের গল্প শুনেছিল।

**প্রশ্ন ৬. নিচের ঘটনায় পুলিশ জাদুঘর কীভাবে সাজানো এবং পুলিশ জাদুঘরের কোন পাশে বঙ্গাবন্ধু গ্যালারি আছে তা লেখ।**

**ঘটনা**


পুলিশ জাদুঘর খুব পরিপাটি করে সাজানো। ভেতরে ঢুকতেই বাম পাশে পড়ে বঙ্গাবন্ধু গ্যালারি। এখানে তারা বঙ্গাবন্ধুর ছবি দেখতে পেল। গ্যালারির পাশে আছে একটি বিক্রয়কেন্দ্র। সেখানে বিক্রির জন্য বই রাখা আছে। মামা দুজনকে দুটি বই কিনে দিলেন। দোকানের পাশে পাঠাগার। সেখানে বসে বই পড়া যায়।

**উত্তর :** পুলিশ-জাদুঘর খুব পরিপাটি করে সাজানো।
পুলিশ জাদুঘরে ভেতরে ঢুকতেই বাম পাশে বঙ্গাবন্ধু গ্যালারি।

**প্রশ্ন ৭. দুইটি বাক্যে 'গ্যালারি' শব্দটি বুঝিয়ে লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ক. 'গ্যালারি' অর্থ প্রদর্শনী ঘর।
খ. গ্যালারিতে সুন্দর ও গুরুত্বপূর্ণ জিনিস সাজানো থাকে।

**প্রশ্ন ৮. ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।**



**প্রশ্ন ক. ছবিতে কী কী দেখা যাচ্ছে?**

**উত্তর :** ছবিতে দেখা যাচ্ছে— বঙ্গাবন্ধু গ্যালারি, পাঠাগার, হাতিয়ার, বন্দুক, বেতার যন্ত্র, পাগলা ঘণ্টা।

**প্রশ্ন খ. এগুলো কোথায় ব্যবহার করা হতো?**

**উত্তর :** এগুলো মুক্তিযুদ্ধে ব্যবহার করা হতো।

**প্রশ্ন গ. জিনিসগুলো জাদুঘরে কেন রাখা আছে?**

**উত্তর :** মুক্তিযুদ্ধের স্মৃতিকে স্মরণ করার জন্য এগুলো জাদুঘরে রাখা আছে।

**প্রশ্ন ৯. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

মুক্তিযুদ্ধ, বঙ্গাবন্ধু, বিক্রয়কেন্দ্র।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| মুক্তিযুদ্ধ | মুক্‌তিজুদ্‌ধো |
| বঙ্গাবন্ধু | বংগোবোন্‌ধু |
| বিক্রয়কেন্দ্র | বিক্‌ক্রয়কেন্‌দ্রো |

**প্রশ্ন ১০. 'ন্ধ' যুক্তবর্ণ ভেঙে লেখ ও দুইটি নতুন শব্দ লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| | | |
|---|---|---|
| ন্ধ | ন + ধ | অন্ধ, সুগন্ধি |

**পিরিয়ড ১২৯ | সিঁড়ি দিয়ে.............. দেখল।**

**প্রশ্ন ১১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তোমাদের বিদ্যালয়ের গ্যালারিতে কী কী আছে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমাদের বিদ্যালয়ে গ্যালারিতে আছে বঙ্গাবন্ধু কর্নার। সেখানে বঙ্গাবন্ধু পরিবারের সকলের ছবি, ভাষাশহিদদের ছবি ও মুক্তিযোদ্ধাদের ছবি আছে।

**প্রশ্ন খ. মূল জাদুঘরটি কোথায় অবস্থিত?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মূল জাদুঘরটি সিঁড়ির নিচে অবস্থিত।

**প্রশ্ন ১২. ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী দেখতে পাচ্ছ?**

**উত্তর :** ছবিতে পুলিশের পোশাক দেখতে পাচ্ছি।

**প্রশ্ন খ. ছবির এই পোশাক কারা ব্যবহার করে?**

**উত্তর :** ছবির এই পোশাক পুলিশ ব্যবহার করে।

**প্রশ্ন ১৩. 'ত্র' ফলাচিহ্ন আলাদা কর এবং র-ফলাযুক্ত তিনটি নতুন শব্দ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ত্র — ত + ্র (র-ফলা)

**র-ফলাযুক্ত নতুন শব্দ :** মিত্র, নেত্র, গোত্র।

**প্রশ্ন ১৪. জাদুঘরের কোথায় বসে বই পড়া যায়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** জাদুঘরের ভেতরে গ্যালারির পাশে একটি বিক্রয়কেন্দ্র আছে। বিক্রয়কেন্দ্রের পাশের পাঠাগারে বসে বই পড়া যায়।

**প্রশ্ন ১৫. বিরা চিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

সিঁড়ি দিয়ে নিচে নামলেই মূল জাদুঘর মামার সাথে ওরা দুজন নিচে নেমে গেল সেখানে আছে পুলিশের বিভিন্ন সময়ের হাতিয়ার আছে পুলিশের ব্যবহৃত পোশাক ও বিভিন্ন জিনিসপত্র রবিন অনেকক্ষণ ধরে দাঁড়িয়ে আগের দিনের বন্দুক দেখল

**উত্তর :** সিঁড়ি দিয়ে নিচে নামলেই মূল জাদুঘর। মামার সাথে ওরা দুজন নিচে নেমে গেল। সেখানে আছে পুলিশের বিভিন্ন সময়ের হাতিয়ার। আছে পুলিশের ব্যবহৃত পোশাক ও বিভিন্ন জিনিসপত্র। রবিন অনেকক্ষণ ধরে দাঁড়িয়ে আগের দিনের বন্দুক দেখল।

**পিরিয়ড ১৩০ | মামা ওদের........... সতর্ক করেছিল।**

**প্রশ্ন ১৬. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

মিতার চাচা বলল চলো বইমেলায় যাই সেখানে অনেক বই পাওয়া যায় ছোটোদের জন্যও আলাদা স্টলে মজার মজার বই পাওয়া যায় মুক্তিযুদ্ধের বইও পাওয়া যায়

**উত্তর :** মিতার চাচা বলল; চলো বইমেলায় যাই। সেখানে অনেক বই পাওয়া যায়। ছোটোদের জন্যও আলাদা স্টলে মজার মজার বই পাওয়া যায়। মুক্তিযুদ্ধের বইও পাওয়া যায়।

**প্রশ্ন ১৭. রাজারবাগে কী বাজিয়ে পুলিশকে সতর্ক করেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** রাজারবাগে পাগলা ঘণ্টা বাজিয়ে পুলিশকে সতর্ক করেছিল।

**প্রশ্ন ১৮. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মামা ওদের বিশেষভাবে দুটি জিনিস দেখালেন। একটি হলো বেতারযন্ত্র, আরেকটি হলো পাগলা ঘণ্টা। ১৯৭১ সালের ২৬শে মার্চ রাতে পাকিস্তান মিলিটারি রাজারবাগে আক্রমণ চালিয়েছিল। তখন এই বেতার যন্ত্রের মাধ্যমে পুলিশরা সারা দেশের পুলিশকে বার্তা পাঠিয়েছিল। আর পাগলা ঘণ্টা বাজিয়ে রাজারবাগের সব পুলিশকে সতর্ক করেছিল।

**প্রশ্ন ক. বেতারযন্ত্র, ঘণ্টায় কোন কোন বর্ণের সাথে যুক্তব্যঞ্জন আছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বেতারযন্ত্র ও ঘণ্টায় ন, ট বর্ণের সাথে যুক্তব্যঞ্জন আছে।


**প্রশ্ন খ. অনুচ্ছেদ থেকে রেফ (র্) যুক্ত শব্দ বের করে লেখ।**

**উত্তর :** রেফ (র্) যুক্ত শব্দ হলো : মার্চ, বার্তা, সতর্ক।

**প্রশ্ন গ. কখন পাগলা ঘণ্টা বাজানো হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাগলা ঘণ্টা বাজানো হয় যখন–
১. জেলখানা থেকে বন্দি পলায়ন করলে, ২. কোনো বিদ্রোহ দেখা দিলে, ৩. বিশেষ পরিস্থিতিতে।

**প্রশ্ন ১৯. ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী কী দেখতে পাচ্ছ?**

**উত্তর :** ছবিতে দেখতে পাচ্ছি অনেক লাশ রাস্তায় পড়ে আছে।

**প্রশ্ন খ. ছবিটি কোন সময়ের কথা স্মরণ করিয়ে দেয়?**

**উত্তর :** ছবিটি ১৯৭১ সালের ২৫ মার্চ-এর সময়ের কথা স্মরণ করিয়ে দেয়।

**প্রশ্ন গ. এই ছবিতে কাদের ওপর নির্যাতনের তথ্য পাওয়া যায়?**

**উত্তর :** এই ছবিতে বাঙালিদের ওপর নির্যাতনের তথ্য পাওয়া যায়। সেদিন নানা পেশার মানুষ শহিদ হয়।

**পিরিয়ড ১৩১ | মামা বললেন............ শহিদ হন।**

**প্রশ্ন ২০. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. ২৫ মার্চ তারিখ ঘণ্টাটি কোথায় বেজেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ২৫ মার্চ তারিখ ঘণ্টাটি রাজারবাগে বেজেছিল।

**প্রশ্ন খ. পুলিশরা কাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পুলিশরা পাকিস্তানি মিলিটারির বিরুদ্ধে যুদ্ধ করেছে।

**প্রশ্ন গ. পাকিস্তানি সেনাবাহিনীর কাছে কেমন অস্ত্র ছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাকিস্তানি সেনাবাহিনীর কাছে ছিল কামানসহ ভারী অস্ত্র।

**পিরিয়ড ১৩২ | মুক্তিযুদ্ধে পুলিশের............ স্বাধীন বাংলাদেশ।**

**প্রশ্ন ২১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. ২৫শে মার্চ ১৯৭১ সালে কোথায় অনেক পুলিশ সদস্য শহিদ হন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ২৫শে মার্চ ১৯৭১ সালে ঢাকার রাজারবাগে অনেক পুলিশ সদস্য শহিদ হন।

**প্রশ্ন খ. আত্মত্যাগ, স্বাধীন শব্দগুলোতে কোন কোন বর্ণের সাথে যুক্তব্যঞ্জন আছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আত্মত্যাগ, স্বাধীন শব্দগুলোতে ত, স বর্ণের সাথে যুক্তব্যঞ্জন আছে।

**প্রশ্ন গ. আজকের পাঠের প্রথম দুটি বাক্য লেখ।**

**উত্তর :** আজকের পাঠের প্রথম দুটি বাক্য :

১. মুক্তিযুদ্ধে পুলিশের পাশাপাশি নানা পেশার মানুষ অংশ নেয়।

২. দেশের জন্য প্রাণ দিতে মানুষ একটুও ভয় করেনি।

**প্রশ্ন ২২. ছবি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও।**



**প্রশ্ন ক. ছবির মানুষগুলো কী করছে?**

**উত্তর :** ছবির মানুষগুলো যুদ্ধ করছে।

**প্রশ্ন খ. এই যুদ্ধের নাম কী?**

**উত্তর :** এই যুদ্ধের নাম মুক্তিযুদ্ধ।

**প্রশ্ন গ. মুক্তিযুদ্ধ কত সালে হয়েছিল?**

**উত্তর :** ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ হয়েছিল।

**প্রশ্ন ২৩. শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

অস্ত্র, সদস্য।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| অস্ত্র | অস্‌ত্রো |
| সদস্য | শদোশ্‌শো |

**প্রশ্ন ২৪. নিচের শব্দ দুটির যুক্তবর্ণ ও ফলাচিহ্ন দেখাও।**

**উত্তর :**

| | | |
|---|---|---|
| অস্ত্র | স্ত্র | স + ত + র (্র) ফলা |
| সদস্য | স্য | স + য (্য) ফলা |

**প্রশ্ন ২৫. তোমার দেখা 'বিজয় দিবস' সম্পর্কে লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মহান বিজয় দিবস বাংলাদেশের সর্বত্র উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়। আমাদের বিদ্যালয়েও প্রতিবছর এ দিবসটি সুন্দরভাবে পালন করা হয়। আমার দেখা গত বছরের বিজয় দিবস অনুষ্ঠানে বিদ্যালয়ে আবৃত্তি, রচনা প্রতিযোগিতা ও ক্রীড়ানুষ্ঠানের আয়োজন করা হয়। বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি সবার সামনে উপস্থাপন করা হয়। সব শেষে বীর মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ দোয়াও করা হয়।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

হাতিয়ার, স্মরণ, পাঠাগার, জাদুঘর, বার্তা, শহিদ, স্বাধীন। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**হাতিয়ার** — অস্ত্র।

**স্মরণ** — স্মৃতি, মনে করা।

**পাঠাগার** — গ্রন্থাগার।

**জাদুঘর** — প্রদর্শনশালা, যেখানে ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিস প্রদর্শনের জন্য রাখা হয়।

**বার্তা** — খবর, সংবাদ।

**শহিদ** — দেশের জন্য জীবনদানকারী ব্যক্তি।

**স্বাধীন** — মুক্ত, সার্বভৌম, পরাধীন নয় এমন।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

বীরত্ব, গ্যালারি, কামান, বেতারযন্ত্র, প্রতিরোধ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**বীরত্ব** — মুক্তিযুদ্ধে রাজারবাগের পুলিশ সদস্যরা বীরত্বের পরিচয় দিয়েছিলেন।

**গ্যালারি** — পুলিশ জাদুঘরে ঢুকতেই বামে পড়ে বঙ্গবন্ধু গ্যালারি।

**কামান** — পাকিস্তানি সেনাবাহিনীর কাছে ছিল কামান ও আধুনিক ভারী অস্ত্র।

**বেতারযন্ত্র** — সেই সময়ে বেতারযন্ত্রের মাধ্যমে সারা দেশের পুলিশ সদস্যরা যোগাযোগ করতেন।

**প্রতিরোধ** — সেই সময়ে সবচেয়ে বড়ো প্রতিরোধ গড়ে তুলেছিল পুলিশ বাহিনী।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. কোন যুদ্ধের মাধ্যমে আমরা স্বাধীন হয়েছি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা স্বাধীন হয়েছি।

**প্রশ্ন ৪. জাদুঘরে সংরক্ষিত জিনিসের তালিকা লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** হাতিয়ার, পুলিশের ব্যবহৃত পোশাক, বন্দুক, বেতারযন্ত্র, পাগলা ঘণ্টা, গ্যালারি।

**প্রশ্ন ৫. কারা অসীম সাহস নিয়ে যুদ্ধ করেছিলেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পুলিশ সদস্যরা অসীম সাহস নিয়ে যুদ্ধ করেছিলেন।

**প্রশ্ন ৬. মুক্তিযুদ্ধে পুলিশ সদস্যদের ভূমিকা নিয়ে তোমার মতামত লেখ।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মুক্তিযুদ্ধে আমাদের পুলিশ সদস্যরা অসীম সাহস নিয়ে দেশের জন্য লড়াই করেন। অনেক পুলিশ সদস্য শহিদ হন।

**প্রশ্ন ৭. পুলিশরা কীসের মাধ্যমে বার্তা পাঠিয়েছিলেন?**

**উত্তর :** পুলিশরা বেতার যন্ত্রের মাধ্যমে বার্তা পাঠিয়েছিলেন।

**প্রশ্ন ৮. কাদের আত্মত্যাগে আমরা স্বাধীন বাংলাদেশ পেয়েছি?**

**উত্তর :** বীর যোদ্ধাদের আত্মত্যাগে আমরা স্বাধীন বাংলাদেশ পেয়েছি।

**প্রশ্ন ৯. পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায় অবস্থিত?**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর ঢাকার রাজারবাগে অবস্থিত।

**প্রশ্ন ১০. নির্দেশনা অনুসারে (নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা) কোনটি কোন ধরনের বাক্য তা লেখ।**

ক. আমরা পুলিশ জাদুঘরে যাব।
খ. তুমি নদীর তীর ধরে হেঁটে যাও।
গ. তুমি কি বই কিনেছ?
ঘ. তুমি আমাকে একটি বই দাও।
ঙ. পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায়?

**উত্তর :**

ক. আমরা পুলিশ জাদুঘরে যাব।— ঘোষণামূলক বাক্য।
খ. তুমি নদীর তীর ধরে হেঁটে যাও।— নির্দেশনামূলক বাক্য।
গ. তুমি কি বই কিনেছ? — প্রশ্নমূলক বাক্য।
ঘ. তুমি আমাকে একটি বই দাও।— অনুরোধমূলক বাক্য।
ঙ. পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায়?— প্রশ্নমূলক বাক্য।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ১১. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

মুক্তিযুদ্ধে পুলিশের পাশাপাশি নানা পেশার মানুষ অংশ নেয় দেশের জন্য প্রাণ দিতে মানুষ একটুও ভয় করেনি তাদের কথা ভেবে রিতা ও রবিনের গর্ব হয় এই বীর যোদ্ধাদের আত্মত্যাগে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ

**উত্তর :** মুক্তিযুদ্ধে পুলিশের পাশাপাশি নানা পেশার মানুষ অংশ নেয়। দেশের জন্য প্রাণ দিতে মানুষ একটুও ভয় করেনি। তাদের কথা ভেবে রিতা ও রবিনের গর্ব হয়। এই বীর যোদ্ধাদের আত্মত্যাগে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১২. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**



**প্রশ্ন ১৩. ছবির ভবনটির নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ছবির ভবনটির নাম বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর।

**প্রশ্ন ১৪. জাদুঘরের ভেতরের গ্যালারির নাম কী?**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** জাদুঘরের ভেতরের গ্যালারির নাম বঙ্গবন্ধু গ্যালারি।

**প্রশ্ন ১৫. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

মুক্তি, যুদ্ধ, বঙ্গবন্ধু, যন্ত্র, আত্মত্যাগ।

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| মুক্তি | ক্ত | ক + ত | রক্ত, শক্ত |
| যুদ্ধ | দ্ধ | দ + ধ | শুদ্ধ, বদ্ধ |
| বঙ্গবন্ধু | ন্ধু | ন + ধ + (ু) উ-কার | ধুন্ধুমার, সিন্ধু |
| যন্ত্র | ন্ত্র | ন + ত + র (্র) ফলা | মন্ত্র, ষড়যন্ত্র |
| আত্মত্যাগ | ত্ম | ত + ম | আত্মীয়, আত্মা |

**প্রশ্ন ১৬. অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণগুলো বাছাই করে লেখ।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

তখন মুক্তিযুদ্ধ চলছিল। পাকিস্তানিরা ঢাকা আক্রমণ করল। এ দেশের মানুষ একত্রিত হয়ে প্রতিরোধ গড়ে তুলল। যুদ্ধের প্রস্তুতি নিল। শিল্পীর কণ্ঠের গান তাদের সাহস জোগাল।

**উত্তর :** মুক্তিযুদ্ধ, পাকিস্তানি, আক্রমণ, প্রতিরোধ, যুদ্ধ, প্রস্তুতি, শিল্পী, কণ্ঠ।

**প্রশ্ন ১৭. নিচের ফলাচিহ্নযুক্ত শব্দগুলো দিয়ে নতুন শব্দ তৈরি করে লেখ।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| ফলাচিহ্নযুক্ত শব্দ | নতুন শব্দ |
|---|---|
| বীরত্ব | |
| স্মরণ | |
| জিনিসপত্র | |
| ব্যবহৃত | |
| বেতারযন্ত্র | |
| অস্ত্র | |
| আত্মত্যাগ | |

**উত্তর :**

| ফলাচিহ্নযুক্ত শব্দ | নতুন শব্দ |
|---|---|
| বীরত্ব | কৃতিত্ব |
| স্মরণ | স্মৃতি |
| জিনিসপত্র | একত্র |
| ব্যবহৃত | ব্যয় |
| বেতারযন্ত্র | মন্ত্র |
| অস্ত্র | বস্ত্র |
| আত্মত্যাগ | আত্মা |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।


| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| যুক্তবর্ণের শব্দ সঠিক উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| পাঠের অংশ থেকে তথ্য বুঝে বলতে পেরেছে। | | | |
| র ফলা ব্যবহার করে লিখতে পেরেছে। | | | |
| তথ্যমূলক রচনা পড়ে প্রাসঙ্গিক তথ্য উদ্ধার করতে পেরেছে। | | | |
| পাঠের অংশ থেকে প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| ফলাচিহ্নের ব্যবহার লিখতে পেরেছে। | | | |
| বিরামচিহ্ন ব্যবহার করতে পেরেছে। | | | |
| তথ্য বুঝে তা বিনিময় করতে পেরেছে। | | | |
| পাঠের অংশ থেকে প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| তথ্যমূলক রচনা পড়ে মতামত প্রকাশ করতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম :................................ শ্রেণি :................................ রোল নম্বর : ☐

১। ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।



ক. ছবিতে কী কী দেখতে পাচ্ছ?
খ. ছবিটি কোন সময়ের কথা স্মরণ করিয়ে দেয়?
গ. এই ছবিতে কাদের ওপর নির্যাতনের তথ্য পাওয়া যায়?

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।
ক. কবে কখন পাকিস্তানি সেনারা রাজারবাগে আক্রমণ করে?
খ. রাজারবাগ পুলিশ লাইন কীসের স্মৃতি বহন করে?

৩। নিচের শব্দগুলোর যুক্তবর্ণ ও ফলাচিহ্ন ভেঙে লেখ ও নতুন শব্দ তৈরি কর।
বীরত্ব, স্মৃতি, স্মরণ।

### উত্তরমালা

১ ▶ ক. ছবিতে দেখতে পাচ্ছি অনেক লাশ রাস্তায় পড়ে আছে।
খ. ছবিটি ১৯৭১ সালের ২৫ মার্চ-এর সময়ের কথা স্মরণ করিয়ে দেয়।
গ. এই ছবিতে বাঙালিদের ওপর নির্যাতনের তথ্য পাওয়া যায়। সেদিন নানা পেশার মানুষ শহিদ হয়।

২ ▶ ক. ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তানি সেনারা রাজারবাগে আক্রমণ করে।
খ. ১৯৭১ সালে রাজারবাগে বাংলাদেশের পুলিশেরা বীরত্বের পরিচয় দিয়েছিল। রাজারবাগ পুলিশ লাইন সেই স্মৃতি বহন করে।

৩ ▶

| | | | |
|---|---|---|---|
| বীরত্ব | ত্ব | ত + ব-ফলা | চত্বর, স্বত্ব |
| স্মৃতি | স্মৃ | স + ম + ৃ-কার | বিস্মৃত |
| স্মরণ | স্ম | স + ম | স্মারক |

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐